

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইকামত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জিন-ভূতের ভয়ে আযান

শয়তান জিন মানুষকে ভয় দেখায়। ভয় পেয়ে আযান দিলে জিন বা শয়তান বা ভূত সব পালিয়ে যায়।
সুহাইল বলেন, একদা আমার আব্বা আমাকে বনী হারেসায় পাঠান। আমার সঙ্গে ছিল এক সঙ্গী। এক বাগান হতে কে যেন নাম ধরে আমার সঙ্গীকে ডাক দিল। আমার সঙ্গী বাগানে খুঁজে দেখল; কিন্তু কাউকে দেখতে পেল না।
ফিরে এলে আব্বার নিকট সে কথা উল্লেখ করলাম। আব্বা বললেন, যদি জানতাম যে, তুমি এই দেখতে পাবে,
তাহলে তোমাকে পাঠাতাম না। তবে শোন! যখন (এই ধরনের) কোন শব্দ শুনবে, তখন নামাযের মত আযান
দিও। কারণ, আমি আবূ হুরাইরা (রাঃ) কে আল্লাহর রসূল (ﷺ) হতে হাদীস বর্ণনা করতে শুনেছি, তিনি বলেছেন,
"নামাযের আযান দেওয়া হলে শয়তান পাদতে পাদতে পালিয়ে যায়!" (মুসলিম, সহীহ ৩৮৯নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2815

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন